

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
“পল্লী ভবন”
৫, কাওরান বাজার, ঢাকা -১২১৫।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৩০২.৯৯.১৭৮.৯০.২৬৫৩

তারিখ: ২১/০৩/২০১৯ খ্রি.

“পরিপত্র”


বিষয়ঃ জেলা ও উপজেলা দপ্তরে রক্ষিত অর্থ বিভিন্ন রাষ্ট্রায়ত্ত্ব ও বেসরকারি বাণিজ্যিক ব্যাংকে আমানতকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে বিআরডিবি সদর কার্যালয়ের স্মারক নং-৪৭.৬২.০০০০.৩০২.৯৯.১৭৮.৯০-১২০৩৬, তারিখ ২১ নভেম্বর, ২০১৬ খ্রি. এর অনুবৃত্তিক্রমে তীর আওতাধীন জেলা ও উপজেলা দপ্তরসমূহে বিভিন্ন উৎস হতে প্রাপ্ত অর্থ রাষ্ট্রায়ত্ত্ব ও বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের স্থানীয় শাখাসমূহে স্থায়ী আমানত সংক্রান্ত তহবিলের লাভজনক বিনিয়োগ, হিসাব সংরক্ষণ ও ব্যবস্থাপনার স্বার্থে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

- ১। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং ৫৩.০০.০০০০.৩০১.২২.০০১.১৮-৯৩ তারিখ : ০২এপ্রিল, ২০১৮ অনুসারে জেলা ও উপজেলা দপ্তরে বিনিয়োগযোগ্য তহবিল হিসাব করে মোট তহবিলের ৫০% পর্যন্ত বেসরকারি বাণিজ্যিক ব্যাংকে লাভজনক হিসেবে রাখা যাবে। তবে রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকের মধ্যে যে ব্যাংকে মুনাফার হার সর্বাধিক সে ব্যাংকে তহবিল বিনিয়োগ করতে হবে।
- ২। বিনিয়োগযোগ্য কোন অর্থ অলস অবস্থায় কিংবা কম মুনাফায় রাখা যাবে না। অলস বা কম মুনাফায় ব্যাংকে অর্থ ফেলে রাখলে এটিকে প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি হিসাবে বিবেচনা করে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা এবং হিসাবরক্ষককে দায়ী করা হবে।
- ৩। তহবিলের নিরাপত্তার (Fund security) স্বার্থে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকে বিনিয়োগযোগ্য সব অর্থ একই ব্যাংকে না রেখে ভিন্ন ভিন্ন ব্যাংকে স্থায়ী আমানত করে রাখতে হবে। তবে বিনিয়োগযোগ্য অর্থ এক ব্যাংকে একত্রে রেখে মুনাফা অধিক পেলে তাও বিবেচনায় রাখতে হবে।
- ৪। বেসরকারি ব্যাংকে বিনিয়োগের পূর্বে ব্যাংকের Credit ও Camels Rating পর্যালোচনা করে সুনামের সাথে প্রতিষ্ঠিত এবং মৌলভিত্তি সম্পন্ন ব্যাংকে বিনিয়োগ করতে হবে।
- ৫। যৌক্তিক বিবেচনায় জেলার আওতাভুক্ত উপজেলাসমূহের তহবিল উপপরিচালকের অনুমতিক্রমে একই জেলার পার্শ্ববর্তী উপজেলা কিংবা জেলা শহরের বিভিন্ন ব্যাংকে স্থায়ী আমানত করে রাখা যেতে পারে।
- ৬। বিদ্যমান ব্যাংক মুনাফার হার কম তবে ভবিষ্যতে মুনাফার হার বৃদ্ধির সম্ভাবনা অনুমিত হলে প্রয়োজনবোধে/পরিস্থিতি বিবেচনায় জেলা ও উপজেলায় রক্ষিত স্থায়ী আমানতসমূহ স্বল্প মেয়াদে বিনিয়োগ করা যাবে।
- ৭। মেয়াদান্তে স্থায়ী আমানতসমূহের প্রাপ্ত মুনাফা স্থায়ী আমানত রেজিস্টারে হালনাগাদ পোস্টিং প্রদান নিশ্চিত করতে হবে।
- ৮। চলতি মাসে উত্থাপনযোগ্য মেয়াদপূর্তি প্রাপ্ত স্থায়ী আমানতসমূহ বিনিয়োগের প্রস্তাব পূর্ববর্তী মাসের শেষ সপ্তাহে অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে, এ বিষয়ে কোন সময় ক্ষেপণ করা যাবে না।
- ৯। যদি অন্য কোন ব্যাংকে বিনিয়োগ অধিক লাভজনক বিবেচিত হয় তবে ২ বৎসরের অধিক সময়ের জন্য বিনিয়োগকৃত অর্থও সংশ্লিষ্ট উপপরিচালকের অনুমোদনক্রমে নগদায়ন করে সেই ব্যাংকে পুনঃবিনিয়োগ করা যাবে।
- ১০। ব্যাংকে বিনিয়োগকৃত অর্থের মধ্যে সমবায়ীদের অর্থের সংশ্লেষ থাকায় সমবায়ীগণ যাতে লাভবান হয় সেদিকে দৃষ্টি রেখে বিনিয়োগ করতে হবে।
- ১১। দায়যুক্ত ও দায়মুক্ত তহবিল আলাদা আলাদা ভাবে সংরক্ষণ করতে হবে। দায়যুক্ত তহবিলের বিনিয়োগকৃত সমুদয় অর্থ মুনাফাসহ পুনঃবিনিয়োগ করতে হবে। দায়মুক্ত তহবিল হতে ব্যয় করা যাবে না।
- ১২। প্রত্যেক ইউসিসিএকে একটি সুনির্দিষ্ট আর্থিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। কর্মপরিকল্পনা মোতাবেক বিদ্যমান তহবিলের সুষ্ঠু ও টেকসই বিনিয়োগ নিশ্চিত করতে হবে।
- ১৩। এক ব্যাংক হতে অন্য ব্যাংকে স্থায়ী আমানতের অর্থ উত্তোলন বা স্থানান্তর করার যৌক্তিক কারণসহ সংশ্লিষ্ট উপপরিচালক এবং সদর দপ্তরকে অবহিত করতে হবে।

- ১৪। পরিচালন ব্যয় নির্বাহের জন্যে দায়মুক্ত তহবিল হতে ০৩(তিন) মাসের ব্যয়ের সংস্থান রেখে অবশিষ্ট অর্থ বিনিয়োগ করতে হবে।
- ১৫। উপপরিচালক পরিদর্শনকালে উপজেলা দপ্তরে রক্ষিত সকল স্থায়ী আমানত রসিদের সংখ্যা, মোট টাকার পরিমাণ এবং সংশ্লিষ্ট স্থায়ী আমানত রেজিস্টার পরীক্ষা-নিরীক্ষা করে সঠিক আছে মর্মে পরিদর্শন বহিতে যথাযথভাবে লিপিবদ্ধ করার ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১৬। সংশ্লিষ্ট জেলার উপপরিচালক পরিদর্শনকালে উপজেলার স্থায়ী আমানত তহবিল ব্যবস্থাপনায় বর্ণিত নির্দেশনা অনুসরণ করা হচ্ছে কিনা তা পরীক্ষা নিরীক্ষা করবেন। তহবিল ব্যবস্থাপনায় কোন অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিক তিনি সদরদপ্তরকে অবহিত করবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারী করা হল।


 মো: নিজাম উদ্দিন
 (যুগ্ম সচিব)
 পরিচালক (অর্থ)
 ফোন : ৮১৮০০০৫

বিতরণ :


- ১। উপপরিচালক (সকল)
বিআরডিবি, জেলা দপ্তর।
- ২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল)
বিআরডিবি, উপজেলা।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৩০২.৯৯.১৭৮.৯০. ২৬৫৬

তারিখ: ২১/০৩/২০১৯ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থে

- ১। পরিচালক(সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
- ২। পরিচালক, বিআরডিটিআই, সিলেট।
- ৩। প্রকল্প পরিচালক/নির্বাহী পরিচালক(সকল),, বিআরডিবি, ঢাকা/গাইবান্দা/ফরিদপুর/রংপুর।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। উপপরিচালক(প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা(বিআরডিবি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৬। সভাপতি, উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লি:, উপজেলা।
- ৭। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।


 মো: নিজাম উদ্দিন
 (যুগ্ম সচিব)
 পরিচালক (অর্থ)
 ফোন : ৮১৮০০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
নীতি ও আর্থিক প্রণোদনা শাখা
www.fid.gov.bd

নথি নম্বর-৫৩.০০.০০০০.৩৩১.২২.০০১.১৮-৯৩

১৯ চৈত্র ১৪২৪

তারিখঃ -----

০২ এপ্রিল ২০১৮

বিষয়ঃ Annual Development Program (ADP) এর আওতায় প্রাপ্ত অর্থ এবং সরকারি, আধা-সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার নিজস্ব তহবিলের অর্থ আমানত রাখা প্রসংগে।

সূত্রঃ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বিজ্ঞপ্তি নং: ৫৩.০০.০০০০.৩৩১.৯৯.০০১.১৭-২৮১ তারিখ: ২৬-১১-২০১৭


উপর্যুক্ত বিষয়ে বর্ণিত অর্থ আমানত রাখা সংক্রান্ত সূত্রে উল্লিখিত স্মারকের নির্দেশনা পুনর্বিবেচনাক্রমে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে:

“স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প বাস্তবায়নের জন্য Annual Development Program (ADP) এর আওতায় সরকার থেকে প্রাপ্ত তহবিলের এবং সরকারি, আধা-সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার মোট নিজস্ব তহবিলের অর্থ ৫০% পর্যন্ত বাংলাদেশে ব্যাংকিং ব্যবসায় নিয়োজিত বেসরকারি ব্যাংকসমূহে অথবা এ বিভাগ কর্তৃক সূত্রস্থ স্মারকে বর্ণিত অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানে (NBFIs) অথবা উভয় ধরনের প্রতিষ্ঠানে আমানত রাখা যাবে”।

০২। এ নির্দেশনা ৩১-০৩-২০১৮ তারিখ হতে কার্যকর মর্মে গণ্য হবে।

০৩। সূত্রে বর্ণিত স্মারকের (ক) ও (খ) অনুচ্ছেদের পরবর্তী কার্যকারিতা এতদ্বারা বাতিল করা হলো।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশনা জারি করা হলো।


(মোসাম্মাৎ জোহরা খাতুন)

উপসচিব

ফোন: ৯৫৯২৪৫০

ই-মেইলঃ fid.niti@gmail.com

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা।

৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৪। সিনিয়র সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৫। সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৬। চীফ এক্সিকিউটিভ অফিসার/ব্যবস্থাপনা পরিচালক/

..... তফসিলী ব্যাংক (সকল)।

৭। মুদ্রা-সচিব (বাজেট ১/২), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। মুদ্রা-সচিব (ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। মাননীয় অর্থ প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২। ব্যবস্থাপনা পরিচালক,

..... (সংশ্লিষ্ট) অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান (NBFIs)।

১৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা(সকল) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪। প্রোগ্রামার, আইটি শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি এ বিভাগের ওয়েব

সাইটে প্রকাশের অনুরোধসহ)।